# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 1-09-2025** **Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বিধানসভায় রাজ্য সরকার ভিন্ রাজ্যে বাংলাভাষীদের ওপর নির্যাতনের অভিযোগে নিন্দা প্রস্তাব এনেছে। আগামীকাল ও বৃহস্পতিবার এর ওপর আলোচনা হবে।

২) স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ পরীক্ষায় বসার আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ অযোগ্য চিহ্নিত শিক্ষক-শিক্ষিকারা। যোগ্য চাকরিহারা শিক্ষকদের চাকরিতে পুনর্বহালের দাবি জানালো বিজেপি।

৩) সুপ্রিম কোর্টে রাজ্য সরকারী কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতা সংক্রান্ত মামলার পরবর্তী শুনানি আগামী সোমবার।

৪) চিড়িয়াখানার জমি বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য কলকাতা পুরসভা প্রকাশিত হস্তান্তর সংক্রান্ত দরপত্রের নোটিশের ওপর কলকাতা হাইকোর্টের স্থগিতাদেশ।

৫) কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই, আগামী ২ দিন বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাষ।

oooooooooooooooooooo

রাজ্য বিধানসভার তিনদিনের বিশেষ সংক্ষিপ্ত অধিবেশন আজ শুরু হয়েছে। প্রথা মেনে সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় শোক প্রস্তাব পাঠ করেন। তারপর সভা দিনের মত মুলতুবি হয়ে যায়।

অধিবেশন শুরুর আগে অধ্যক্ষের ঘরে সর্বদল বৈঠক এবং কার্য উপদেষ্টা কমিটির বৈঠকও বসে।

এদিকে, রাজ্য সরকার ভিন রাজ্যে বাংলাভাষীদের ওপর নির্যাতনের অভিযোগে আজ বিধানসভায় নিন্দা প্রস্তাব এনেছে। আজ বিধানসভার কার্যবিবরণীর ১৬৯ ধারা অনুযায়ী এই প্রস্তাবটি উত্থাপন করেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। আগামীকাল ও বৃহস্পতিবার দুঘণ্টা করে মোট চার ঘন্টা ওই প্রস্তাবের উপর আলোচনা হবে। শেষ দিনের আলোচনায় অংশ নেবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে, কলকাতা হাইকোর্টের নির্দেশে এই অধিবেশনে সব বিধায়ক ও মন্ত্রীর নিরাপত্তারক্ষীদের বিধানসভা চত্বরের বাইরে থাকতে হবে বলে অধ্যক্ষ আজ জানিয়েছেন। তবে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ওই নির্দেশিকার আওতার বাইরে থাকছেন।

অন্যদিকে, মুখ্যমন্ত্রীকে এই নির্দেশিকা থেকে ছাড় দেওয়া হলে তার বিরুদ্ধে বিজেপি আদালতের দ্বারস্থ হবে বলে জানিয়েছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বিধানসভার বাইরে এক সাংবাদিক বৈঠকে বলেন, মুখ্যমন্ত্রীও ২৯৪ জন বিধায়কেরও একজন, তাই তার ক্ষেত্রে নিয়ম পৃথক হতে পারে না। এব্যাপারে বিধানসভার সচিব, কলকাতার পুলিশ কমিশনার এবং ডায়রেক্টর অফ সিকিউরিটিকে আদালতের নির্দেশিকা সহ চিঠি পাঠানো হয়েছে বলে তিনি জানান। বিরোধী দলনেতা বৃহস্পতিবার চৌঠা সেপ্টেম্বরের পরিবর্তে ৮ তারিখে অধিবেশন ডাকারও আবেদন জানিয়েছেন। তিনি বলেন, ৩ তারিখে করম পুজোর ছুটি দেওয়া হলেও চার তারিখেও বিভিন্ন জেলায় এই উৎসব পালিত হয়। তাই সেখানকার বিধায়করা ওই দিনের অধিবেশনে যোগ দিতে পারবেনা । মুখ্যমন্ত্রীর নির্দেশে বিরোধী

দলের সঙ্গে আলোচনা না করেই, মুখ্যমন্ত্রীর নির্দেশে এক তরফা অধিবেশন ডাকা হয় বলে তিনি অভিযোগ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

কোন বিধায়ক বিধানসভার অধিবেশনে কতদিন উপস্থিত থাকছেন এবার তার রিপোর্ট প্রস্তুত করা হচ্ছে। বিধানসভার হাজিরা খাতা দেখে ইতমধ্যেই খসরা রিপোর্ট প্রস্তুত করেছে বিধানসভার সচিবালয়। ওই রিপোর্ট অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের বিবেচনার জন্য পাঠানো হয়েছে। শীঘ্রই অধ্যক্ষ তা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করবেন বলে জানা গেছে।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিধানসভার অধিবেশনে সর্বাধিক উপস্থিত থাকা বিধায়কদের জন্য পুরস্কার চালুর আবেদন জানান। এরপরেই বিধায়কদের হাজিরা সংক্রান্ত রিপোর্ট প্রস্তুত করার কাজ শুরু হয়।

০০০০০০০০০০০০০০০০

ভিন রাজ্যে বাংলাভাষীদের ওপর অত্যাচারের অভিযোগে ধর্মতলায় মেয়ো রোডে তৃনমূল কংগ্রেসের ধর্না মঞ্চ সেনাবাহিনীর আজ খুলে দিয়েছে। ময়দানের পরিবেশ রক্ষা করতে আইন মেনেই অবস্থান মঞ্চ সরানো হয়েছে বলে সেনাবাহিনীর দাবী। এক বিবৃতিতে তাঁরা জানিয়েছে, নিয়ম অনুযায়ী, কলকাতার ময়দান এলাকায় অনুষ্ঠান আয়োজনের জন্য স্থানীয় সামরিক কর্তৃপক্ষের অনুমতি নিতে হয়। সুপ্রিম কোর্টের নির্দেশে সেনা সর্বোচ্চ দু'দিনের জন্য অনুমতি দিতে পারে। এর বেশি সময়ের জন্য কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের ছাড়পত্র আবশ্যক। সেনা সূত্রে জানা গিয়েছে, ওই অনুষ্ঠানের জন্য দু'দিনের অনুমতি দেওয়া হয়েছিল। কিন্তু আয়োজকরা প্রায় এক মাস ধরে মঞ্চ ফেলে রাখেন। একাধিকবার স্মরণ করানোর পরও তাঁরা মঞ্চ সরাননি। শেষমেশ সেনা কর্তৃপক্ষ কলকাতা পুলিশকে বিষয়টি জানায়। পরে সেনার উদ্যোগেই অস্থায়ী কাঠামো সরানো হয়।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অবস্থান মোঞ্চ খোলার খবর পেয়ে সেখানে যান। সাংবাদিকদের কাছে তিনি অভিযোগ করেন, রাজনৈতিকভাবে সেনাকে দিয়ে এই মঞ্চ খুলিয়ে নেওয়া হয়েছে। এর প্রতিবাদে আগামীকাল থেকে কলকাতা সহ জেলায় প্রতিবাদ মিছিলের আয়োজন করা হবে। এছাড়াও আগামীকাল থেকে প্রতিদিন কলকাতা পুরসভার আওতাধীন রানী রাসমনী অ্যাভেনিউ-এ নতুন প্রতিবাদ মঞ্চে এই কর্মসূচী পালন করা হবে বলেও তিনি জানিয়েছেন।

ooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও তার মার প্রতি আপত্তিজনক মন্তব্য এবং দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে অপমানের প্রতিবাদে বিজেপি মহিলা মোর্চা আজ কলকাতায় মিছিল করে। রাজ্য বিজেপির সদর কার্যালয় থেকে সর্দার বল্লভভাই প্যাটেলের মূর্তি পর্যন্ত ওই মিছিলে যোগ দিয়ে মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র অভিযোগ করেন, যে সাংসদ নিজের স্বার্থে পাসওয়ার্ড বিলি করেন, তাঁর দেশ নিয়ে কথা বলা বা অন্যের দিকে আঙ্গুল তোলার আগে নিজের কাজের ব্যাখ্যা দেওয়া উচিত। কংগ্রেস ও আই এন ডি আই-এর অন্যান্য দল দুর্নীতিগ্রস্তদের জোট বলেও অভিযোগ করেন তিনি।

এদিকে, মিছিলের আগে মুরলিধর সেন লেনে সভার জন্য মঞ্চ তৈরি করতে গেলে পুলিশ তাতে বাধা দেয় বলে অভিযোগ। সেই সময় মহিলা মোর্চার সদস্যদের সঙ্গে পুলিশের বাদানুবাদ হয়ে যায়।

ooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ পরীক্ষায় বসার আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন অযোগ্য চিহ্নিত শিক্ষক-শিক্ষিকারা । বিচারপতি সৌগত ভট্টাচার্যের একক বেঞ্চে ৩-শো জনেরও বেশি অযোগ্য চিহ্নিত শিক্ষক মামলার দ্রুত শুনানির আবেদন জানিয়েছেন। আগামীকাল মামলার শুনানি হতে পারে।

বিজেপি যোগ্য চাকরিহারা শিক্ষকদের চাকরিতে পুনর্বহালের দাবি জানিয়েছে। যোগ্য চাকরিহারা শিক্ষকরা আজ বিধানসভার বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির সঙ্গে দেখা করেন। পরে বিরোধী দলনেতা সাংবাদিকদেব বলে, সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্য সরকার ত্রুটিপূর্ণ হলেও অযোগ্যদের তালিকা প্রকাশে বাধ্য হয়েছে। যোগ্য শিক্ষকদের চাকরিতে বহাল রাখার অনুমোদন দেওয়ার জন্য রাজ্য সরকার যাতে সুপ্রিম কোর্টে আবেদন জানায় সেব্যাপারে মুখ্য সচিবকে তিনি চিঠি দেবেন বলে শ্রী অধিকারী জানিয়েছেন।

(বাইট-শুভেন্দু)

উল্লেখ্য চাকরিহারা যোগ্য শিক্ষকদের একাংশ আজ সসম্মানে চাকরিতে পুনর্বহালের জন্য বিধানসভায় জরুরি অধিবেশন ডেকে আইন পাস করার দাবিতে বিধানসভার বাইরে প্রতিবাদে সামিল হন। অযোগ্য তালিকা প্রকাশিত হওয়ায় নতুন করে পরীক্ষায় না বসার দাবী জানিয়েছেন তাঁরা।

ooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের ছাত্র সংগঠন টিএমসিপির প্রতিষ্ঠা দিবসে গত ২৮ আগস্ট পরীক্ষাসূচি পরিবর্তনের জন্য শাসক দলের নেতা ও মন্ত্রীর তরফে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সম্পর্কে যে মন্তব্য করেছেন তা অত্যন্ত আপত্তিকর এবং অসমান্নজনক বলে বিশ্ববিদ্যালযের অধ্যাপক সংগঠন গুলি অভিমত ব্যক্ত করেছে।

কলকাতা, যাদবপুর, রবীন্দ্রভারতী,বর্ধমান ও বিদ্যাসাগর সহ ১৭-টি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সংগঠন আজ এক যৌথ বিবৃতিতে বলেছে, প্রতিষ্ঠানের কাজে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সরকারি হস্তক্ষেপ শুধু নীতিবিরুদ্ধই নয়, স্বশাসিত সংস্থার আইনের পরিপন্থীও বটে। বে-আইনি কার্যকলাপ বিরত থেকে যাঁরা ছাত্রছাত্রীদের স্বার্থকেই প্রাধান্য দিয়ে পরীক্ষা চালু রেখেছেন, তারা বিশ্ববিদ্যালয়ের স্বশাসনের মর্যাদা রক্ষা করেছেন বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়।

০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতা সংক্রান্ত মামলার শুনানি, আজ সুপ্রিম কোর্টে ফের পিছিয়ে গেছে। রাজ্যের আইনজীবী কপিল সিব্বল অন্য মামলায় ব্যস্ত থাকায় DA সংক্রান্ত মামলার শুনানি পিছিয়ে দেওয়ার আবেদন জানান। শীর্ষ আদালতের দুই বিচারপতি সঞ্জয় কারোল এবং পি কে মিশ্রার বেঞ্চ, তা’ মঞ্জুর করে জানান, আগামী সোমবার মামলার শুনানি হবে।

এর আগে শীর্ষ আদালত রাজ্যকে বকেয়া DA-র ২৫ শতাংশ ৬’সপ্তাহের মধ্যে মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছিল। সেই সময়সীমার মধ্যে রাজ্য, সরকারি কর্মীদের DA দেয়নি। তার বদলে আদালতের কাছে ৬’মাস সময় চাওয়া হয়। সেই আবেদনের ভিত্তিতেই গত চৌঠা আগস্ট থেকে সাত তারিখ পর্যন্ত সুপ্রিম কোর্টে এই মামলার টানা শুনানি হয়। তারপর এই নিয়ে তিনবার শুনানি পিছিয়ে গেলো।

০০০০০০০০০০০০০০০০০

চিড়িয়াখানার জমি বাণিজ্যিক কাজে ব্যাবহারে হস্তান্তর করার জন্য ২৩ জুলাই কলকাতা পুরসভা যে দরপত্র আহবান করেছিল সেই নোটিশের উপর আপাতত স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। দুই বিচারপতি সুজয় পাল ও স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চ আজ জানিয়েছে, আদালত পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত পুরসভা কোন পদক্ষেপ করবে না।

অতিরিক্ত সলিসিটর জেনারেল অশোক চক্রবর্তী বলেন, কেন্দ্রের তিন সদস্যের কমিটি জুলাই এ চিড়িয়াখানা পরিদর্শন করেছেন।পশুপাখি কমছে না বাড়ছে, কোথাও চলে যাচ্ছে কিনা এসমস্ত বিষয়ে রেজিস্ট্রার মেনটেন করা হয়না বলে কমিটির পক্ষ থেকে

জানান হয়েছে। কমিটি শীঘ্রই তাদের রিপোর্ট জানাবে।সেই রিপোর্ট এর ভিত্তিতে বিস্তারিত আদালতকে জানানো হবে।

এদিকে রাজ্যের (এজি) কিশোর দত্তএখনই কোন অন্তর্বর্তী নির্দেশ না দিতে আর্জি জানান । তিনি বলেন, হলফনামা দিয়ে বক্তব্য জানাতে চায় রাজ্য।পরে অনিয়ম প্রমাণিত হলে,আদালত হস্তক্ষেপ করতে পারে বলেও তিনি জানান।

ooooooooooooooooo

মালদা মেডিকেল কলেজে এক মহিলা ইন্টার্নকে হেনস্তার অভিযোগ খতিয়ে দেখতে জাতীয় মহিলা কমিশনের এক প্রতিনিধি দল আজ সেখানে যায়। কমিশনের সদস্য অর্চনা মজুমদার এব্যাপারে কথা বলেন, মেডিকেল কলেজের অধ্যক্ষ পার্থপ্রতিম মুখোপাধ্যায়, সহ অধ্যক্ষ প্রসেনজিৎ বর এবং ইন্টার্ন এবং চিকিৎসকদের একাংশকে সঙ্গে। নিগৃহীতা ইন্টার্নের অভাব-অভিযোগও শোনেন শ্রীমতী মজুমদার। পরে তিনি সাংবাদিকদের বলেন, আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার পর আবার মালদায় এই ধরনের হেনস্থার ঘটনা অত্যন্ত উদ্বেগের। মহিলা কমিশন মেয়েদের রক্ষার বিষয়ে যথেষ্ট গুরুত্ব দিচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

উল্লেখ্য, গত ২১ অগস্ট বহির্বিভাগের সার্জিক্যাল ইউনিটে ডিউটি নিয়ে এক মহিলা ইন্টার্নের সঙ্গে তাঁর পুরুষ সহকর্মীর বচসা বাধে। সেই সময় ওই মহিলাকে হেনস্থা করা হয় বলে অভিযোগ। পরে মহিলার এক বন্ধু ওই পুরুষ ইন্টার্নকে পাল্টা মারধর করে বলে অভিযোগ। এই নিয়ে মেডিকেল কলেজে তুমুল উত্তেজনা ছড়ায়। মেডিকেল কলেজ কর্তৃপক্ষ এব্যাপারে কমিটি গঠন করে তদন্ত শুরু করেছে।

ooooooooooooooooo

নদীয়ার কৃষ্ণনগরের কোতোয়ালি থানা এলাকায় কলেজ ছাত্রী ঈশিতা মল্লিকের খুনের ঘটনায় মূল অভিযুক্ত দেশরাজ সিং-কে আদালত ১৪ দিনের জেল হেফাজত দিয়েছে। তাকে আজ কৃষ্ণনগর আদালতে তোলা হয়।

উল্লেখ্য, পুলিশ উত্তর প্রদেশের নেপাল সীমান্ত থেকে গ্রেপ্তার করে দেশরাজকে। ট্রানজিট রিমান্ডে তাকে কৃষ্ণনগরের কোতোয়ালি থানায় আসা হয়। এর আগে দেশরাজের মামা কুলদীপ সিং-কে কোতোয়ালি থানার পুলিশ, গুজরাট থেকে গ্রেপ্তার করে। তাকে'ও ট্রানজিট রিম্যান্ডে কৃষ্ণনগরে আনা হয়েছে।

আগেই জানানো হয়েছে, গত সোমবার ২৫ শে আগস্ট দেশরাজ, ওই কলেজ ছাত্রীকে বাড়িতে ঢুকে গুলি করে পালায়।

ooooooooooooooooo

আন্তর্জাতিক শক্তি ও সংহতি দিবসে আজ বামপন্থী দলগুলির ডাকে ধর্মতলার লেনিন মূর্তির পাদদেশ থেকে কলেজ স্কোয়ার পর্যন্ত সাম্রাজ্যবাদ ও যুদ্ধ বিরোধী মিছিল করা হয়। এতে যোগ দিয়ে বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু প্যালেস্টাইনের ওপর হামলার তীব্র নিন্দা করেন।

সিপিআই( এমএল ) লিবারেশনের নেতা অতনু চক্রবর্তী, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে জোরদার আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

ভারত সরকার পুঁজিবাদের পক্ষে দাঁড়িয়েছে এই অভিযোগ তোলেন SUCI নেতা তরুণ মন্ডল।

" যুদ্ধ নয়, শান্তি চাই " এই স্লোগান কে সামনে রেখে শিলিগুড়ির বাঘাযতীন পার্ক থেকেও আজ বিকেলে বামপন্থী দলগুলি মিছিলে সামিল হয়। ।

বামফ্রন্টের অন্য শরিক দলও মিছিলে অংশ গ্রহন করে।

ooooooooooooooooo

উত্তর-পূর্ব বঙ্গোপোসাগর এবং সংলগ্ন মায়ানমার উপকূলে সৃষ্ট ঘূর্ণাবর্তটি আগামী ২৪ ঘণ্টায় নিম্নচাপে পরিণত হতে পারে বলে আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাভাষ।

অন্যদিকে, এরাজ্যের দীঘার উপর দিয়ে মৌসুমী অক্ষরেখা বিস্তৃত রয়েছে। এরফলে আগামী দুদিন কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(দক্ষিণ ২৪ পরগনায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা। উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৩৫ থেকে ৫৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাবে। ফলে মৎস্যজীবীদের তেশরা সেপ্টেম্বর পর্যন্ত সমুদ্রে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে।)

ooooooooooooooooo

ooooooooooooooooo